গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বন্দর নারায়ণগঞ্জ
www.bandar.narayanganj.gov.bd

# উপজেলা আইসিটি কমিটির আগস্ট, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | পিন্টু বেপারী<br>উপজেলা নির্বাহী অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ |
| স্থান | : | উপজেলা পরিষদ অডিটরিয়াম |
| তারিখ ও সময় | : | ২২ আগস্ট ২০১৯, সময়: সকাল ১০.৩০ টা |

**১. সভার আলোচনা এবং সিদ্ধান্ত:**

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.১ | **উপজেলা আইসিটি কমিটি পুনর্গঠন সংক্রান্ত:**<br>উপজেলা আইসিটি কমিটি গত ০৫ মে ২০১৯ তারিখে গঠন করা হয়। কিন্তু কমিটিটি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৪-০৭-২০১৯ তারিখের ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০ নং প্রজ্ঞাপন মূলে প্রেরিত ফরমেট অনুযায়ী গঠন করা হয়নি। এমতাবস্থায়, বর্ণিত প্রজ্ঞাপনের ফরমেট অনুযায়ী উপজেলা আইসিটি কমিটি পুনরায় গঠনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ১৪-০৭-২০১৯ তারিখের ৫৬.০০.০০০০.০১৯.৩৮.০২৮.১৬-১১০ নং প্রজ্ঞাপন মূলে প্রেরিত ফরমেট অনুযায়ী উপজেলা আইসিটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয় | ১। উপজেলা নির্বাহী অফিসার বন্দর, নারায়ণগঞ্জ<br>২। সহকারী প্রোগ্রামার বন্দর, নারায়ণগঞ্জ |
| ১.২ | **উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টাল সংক্রান্ত:**<br>সভাপতি মহোদয় বলেন, উপজেলা পর্যায়ের সকল অফিস ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ থাকতে হবে। কিন্তু পোর্টালগুলো পর্যবেক্ষণ করে দেখা যায় যে, কোন কোন দপ্তরের এবং সকল ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয় নাই। সকল দপ্তরের এবং সকল ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ করার বিষয়ে সহকারী প্রোগ্রামার, বন্দরকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করার জন্য অনুরোধ হয়। | উপজেলা পর্যায়ের সকল অফিস ও ইউনিয়ন পরিষদের ওয়েব পোর্টাল ১০০% হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলার সকল দপ্তর প্রধান<br>২। সহকারী প্রোগ্রামার বন্দর, নারায়ণগঞ্জ<br>৩। চেয়ারম্যান/সচিব সকল ইউপি, বন্দর |
| ১.৩ | **ইউডিসি এর আয় ও সেবা প্রদান সংক্রান্ত:**<br>ইউনিয়ন ডিজিটাল সেন্টার (ইউডিসি) এর প্রতিদিনের আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য প্রতিদিন আপলোড করার নির্দেশনা থাকলেও তথ্য প্রতিদিন আপলোড করা হয় না। প্রতিদিনের তথ্য প্রতিদিন আপলোড প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | ডিজিটাল সেন্টারের প্রতিদিনের আয় ও সেবা সংক্রান্ত তথ্য প্রতিদিন আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার বন্দর, নারায়ণগঞ্জ<br>২। চেয়ারম্যান/সচিব সকল ইউপি, বন্দর<br>৩। উদ্যোক্তা, সংশ্লিষ্টইউডিসি |
| ১.৪ | **অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহ সংক্রান্ত:**<br>সভাপতি বলেন, সোনারগাঁ ও আড়াইহাজার উপজেলা হতে অনলাইনে পর্চা প্রাপ্তির আবেদন গ্রহণ করে তা ৩ (তিন) দিনের মধ্যে প্রদান করা হচ্ছে যা জনসেবাকে আরো সহজ করে তুলছে। অত্র উপজেলা হতেও অনলাইনে পর্চা প্রাপ্তির আবেদন গ্রহণ করে তা আবেদনকারীর নিকট বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। কাজেই অনলাইনে পর্চা প্রাপ্তির আবেদন গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | অত্র উপজেলা থেকেও অনুরূপ কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সহকারী প্রোগ্রামার, বন্দরকে অনুরোধ করা হয়। | ১। সহকারী প্রোগ্রামার বন্দর, নারায়ণগঞ্জ<br>২। চেয়ারম্যান/সচিব সকল ইউপি, বন্দর<br>৩। উদ্যোক্তা, সংশ্লিষ্ট ইউডিসি, বন্দর |
| ১.৫ | **ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি সংক্রান্ত:**<br>ই-ফাইল (নথি) ব্যবহারের জন্য ইতোমধ্যে প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে। বর্তমানে উপজেলা পর্যায়ের প্রায় সকল অফিসে ই-ফাইল (নথি) সিস্টেমে চিঠি পত্র আদান প্রদান শুরু হয়েছে। উপজেলার সকল অফিস প্রধানদের ই-ফাইল (নথি) সিস্টেমে কার্যক্রম আরো বেগবান করার জন্য অনুরোধ করা হয়। | ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলার সকল দপ্তর প্রধান<br>২। সহকারী প্রোগ্রামার বন্দর, নারায়ণগঞ্জ |

পর পাতা-০২

| ক্র:নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১.৬ | **সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত:** ডিজিটাল বাংলাদেশের গৃহীত কার্যক্রম বেগবান করার লক্ষ্যে উপজেলা ও ইউনিয়ন অফিসসহ সকল সরকারি অফিসে ই-মেইল ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। তাই উপজেলার সকল দপ্তরে সরকারি ই-মেইল ব্যবহার করার জন্য অনুরোধ করা হয়। | সকল সরকারি দপ্তরে দাপ্তরিক ই-মেইল ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলার সকল দপ্তরের কর্মকর্তা/কর্মচারীগণ বন্দর, নারায়ণগঞ্জ |
| ১.৭ | **ইউডিসি হতে পল্লী বিদ্যুৎ বিল আদায় সংক্রান্ত:** নির্দেশনা অনুযায়ী উপজেলায় ইউডিসি হতে পল্লী বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে পল্লী বিদ্যুৎ অফিসে যোগাযোগ করার জন্য সভায় আলোচনা করা হয়। | ইউডিসি হতে পল্লী বিদ্যুৎ বিল আদায় বিষয়ে পল্লী বিদ্যুৎ অফিসে যোগাযোগ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার বন্দর, নারায়ণগঞ্জ<br>২। ডেপুটি ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি, বন্দর |
| ১.৮ | **মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্ত:** অত্র উপজেলার শিক্ষা প্রতিষ্ঠান সমুহে মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিচালিত হচ্ছে এবং নিয়মিতভাবে এ সকল শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মাল্টিমিডিয়া ক্লাস রুম নিয়মিত পরিদর্শনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা শিক্ষা/মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার, বন্দর নারায়ণগঞ্জ |
| ১.৯ | **শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন সংক্রান্ত:** সভাপতি মহোদয় বলেন, উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী প্রোগ্রামার ১০টি করে ল্যাব প্রতি মাসে পরিদর্শন করে তা জেলা কমিটিকে জানাতে হবে এবং একই ল্যাব প্রতিমাসে পরিদর্শন করা যাবে না মর্মে তিনি সভায় আলোচনা করেন। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বন্দর সভায় জানান যে, অত্র উপজেলায় ০৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাব স্থাপন করা হয়েছে। | প্রতি মাসে ০৪ (চার) টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাবসমূহ পরিদর্শন করতঃ প্রতিবেদন প্রেরণের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার বন্দর, নারায়ণগঞ্জ<br>২। সহকারী প্রোগ্রামার বন্দর, নারায়ণগঞ্জ |
| ১.১০ | **জনসেবায় ফেসবুক ব্যবহার সংক্রান্ত:** জেলা আইসিটি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও অত্র উপজেলার সকল ইউনিয়ন পরিষদ এর নামে ফেসবুক আইডি খুলে জেলা প্রশাসন কর্তৃক পরিচালিত অন লাইন রেডিও 'রেডিও নারায়ণগঞ্জ' এর ফেসবুক আইডির সাথে সংযুক্ত করণ এবং তাদের কার্যক্রম নিয়মিত আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সকল ইউনিয়ন পরিষদ এর নামে ফেসবুক আইডি খুলে তা জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ এর সাথে লিংকআপ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলার সকল দপ্তর প্রধান<br>২। সহকারী প্রোগ্রামার বন্দর, নারায়ণগঞ্জ<br>৩। চেয়ারম্যান/সচিব সকল ইউপি, বন্দর |

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্তি ঘোষণা করা হয়।

(পিন্টু বেপারী)
উপজেলা নির্বাহী অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ
ফোন নং- ৭৬৬১১৩৬
unobondor@mopa.gov.bd

১৮

স্মারক নং- ০৫.৪১.৬৭০৬.০০০.১১.০২৮.১৯- ৫৮০

তারিখ : ১৮ ভাদ্র ১৪২৬ / ০২ সেপ্টেম্বর ২০১৯

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০২. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
০৩. পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
০৪. সহকারী কমিশনার (ভূমি), বন্দর, নারায়ণগঞ্জ।
০৫. অধ্যক্ষ, সরকারি কদমরসুল কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ।
০৬. অফিসার ইনচার্জ, বন্দর থানা, বন্দর, নারায়ণগঞ্জ।
০৭. অধ্যক্ষ, বি. এম ইউনিয়ন স্কুল এন্ড কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ।
০৮. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
০৯. উপজেলা শিক্ষা অফিসার, বন্দর, নারায়ণগঞ্জ।
১০. উপজেলা................................................................................., বন্দর, নারায়ণগঞ্জ।
১১. প্রধান শিক্ষক, সরকারি হাজী ইব্রাহিম আলমচান স্কুল এন্ড কলেজ, বন্দর, নারায়ণগঞ্জ।
১২. প্রধান শিক্ষক, বিএসইসি ডকইয়ার্ড উচ্চ বিদ্যালয়, বন্দর, নারায়ণগঞ্জ।
১৩. সহকারী প্রোগ্রামার, তথ্য ও প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, বন্দর, নারায়ণগঞ্জ।
১৪. উপ-সহকারী প্রকৌশলী (বিটিসিএল), বন্দর, নারায়ণগঞ্জ।
১৫. চেয়ারম্যান/সচিব, ................................ ইউনিয়ন পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।
১৬. উদ্যোক্তা, ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ..................... ইউনিয়ন পরিষদ, বন্দর, নারায়ণগঞ্জ।

উপজেলা নির্বাহী অফিসার
বন্দর, নারায়ণগঞ্জ